

ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য চায় শিক্ষা প্রশাসন

কোটা সংস্কার আন্দোলন

নিজস্ব প্রতিবেদক

২৯ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



কোটা সংস্কার আন্দোলনে সৃষ্টি সহিংসতায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য চেয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। গত ২৪ জুলাই মাউশির উপপরিচালক (সাধারণ প্রশাসন) বিপুল চন্দ্র বিশ্বাসের সই করা চিঠিতে এ নির্দেশনা দেওয়া হয়।

এতে বলা হয়- কয়েক দিনে দেশে উদ্ভৃত সহিংস পরিস্থিতিতে যেসব শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে, সেসব প্রতিষ্ঠানের তালিকা আজ সোমবারের (২৯ জুলাই) মধ্যে পাঠাতে অনুরোধ করা হলো।

তথ্য পাঠানোর ই-মেইল ঠিকানা ফফ-ধফসরহফফফফ.মড়া.নফ। ছকে শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, প্রতিষ্ঠানের ধরন (সরকারি/বেসরকারি), ক্ষয়ক্ষতির সংক্ষিপ্ত বর্ণনা ও সম্ভাব্য ক্ষতির পরিমাণ (টাকায়) পাঠাতে হবে।

কোটা সংস্কার আন্দোলন ঘিরে গত ১৭ জুলাই থেকে সারাদেশে সহিংসতা ছড়িয়ে পড়ে। ১৮ জুলাই তা আরও ভয়াবহ রূপ নেয়। ১৭, ১৮ ও ১৯ জুলাই ঢাকা, রাজশাহী, জাহাঙ্গীরনগর, বরিশাল বিশ্ববিদ্যালয়, রাজধানীর তিতুমীর সরকারি কলেজ ও টিচার্স ট্রেনিং কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হামলা-ভাঙ্গুরের ঘটনা ঘটে।

[খবর](#) থেকে আরও পড়ুন